

কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর : ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছর) প্রধান অর্জনসমূহ**

জেলা সরকারি গণগ্রন্থাগার, বরগুনা এর সাম্প্রতিক বছরগুলিতে (বিগত তিনি বছর) গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে এবং স্থানীয়ভাবে ৩৫০৪ খানা পুস্তক সংগ্রহ করে পাঠকদের ব্যবহারের জন্য পাঠকক্ষে যুক্ত করা হয়েছে। বিভিন্ন জাতীয় দিবসভিত্তিক রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার মোট ২১ টি অনুষ্ঠান আয়োজন করা হয়েছে এবং বিজয়ীদেরকে পুরস্কার হিসেবে বই, ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হয়েছে। এ সময়ে জেলা প্রশাসন বরগুনা আয়োজিত বইমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ করা হয়েছে। দেশের লাইব্রেরি সমূহে বঙাবন্ধু ও মুক্তিযুক্ত কর্ণার স্থাপন প্রকল্পের মাধ্যমে অত্র কাষালয়ে দৃষ্টিনন্দন বঙাবন্ধু ও মুক্তিযুক্ত কর্ণার স্থাপন করা হয়েছে। অত্র জেলার বেসরকারি গণগ্রন্থাগার সমূহ জরিপসহ তালিকাভূক্তিরণ কাজও সম্পন্ন করা করা হয়েছে। সরকার কর্তৃক ০৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষনা করায় দিনাংক যথাযথ ময়াদায় পালন করা হয়েছে। দপ্তরের ওয়েবপোর্টাল জাতীয় তথ্য বাতায়নের সাথে যুক্ত হওয়ায় নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। দপ্তরের সকল প্রকার পত্র যোগাযোগ নথি সিস্টেমে চালু করার প্রচেষ্টা চলমান রয়েছে।